

## স্কুলব্যাগ পেল ৮১০ খুদে শিক্ষার্থী

২৯ জুলাই ২০১৯ ০০:০০

আপডেট: ২৮ জুলাই ২০১৯ ২৩:৫৬

নতুন স্কুলব্যাগ পেয়ে আনন্দে ভাসল নারায়ণগঞ্জের সোনারগাঁও উপজেলার পরমেশ্বরদী সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ চার স্কুলের ৮১০ খুদে শিক্ষার্থী। গতকাল রবিবার উপজেলার নোয়াগাঁও ইউনিয়নের চেয়ারম্যান ইউসুফ দেওয়ানের উদ্যোগে তাদের স্কুলব্যাগ বিতরণ করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অঞ্জন কুমার সরকার। অন্যদের মধ্যে আরও বক্তব্য দেন উপজেলা শিক্ষা কর্মকর্তা নিখিল চন্দ্র বিশ্বাস, বারদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জহিরুল হক প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চেয়ারম্যান ইউসুফ দেওয়ান। সোনারগাঁও প্রতিনিধি



advertisement